**AKASHVANI (Kolkata)**

**Regional News Unit**

**Date: 28-03-2026** **Desk in Charge : SDG**

**Time:- 1.30 PM** **Edit. & Compile. : Prajesh B.**

**DEO: KB** **NRT : Shrejit M.**

**Announcement** :- আকাশবাণী / খবর পড়ছিঃ-

বিশেষ বিশেষ খবর –

১/ প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ উত্তরপ্রদেশের নয়ডায় এক আন্তর্জাতিক বিমানবন্দরের প্রথম পর্যায়ের উদ্বোধন করেছেন। #তিনি এই বিমানবন্দরকে ভারতের অসামরিক বিমান চলাচল ক্ষেত্রে এক নয়া অধ্যায় বলে মন্তব্য করেন।

২/ প্রধানমন্ত্রী, প্রবীণ বিজেপি নেতা নরেন্দ্র মোদী আগামী ৩০শে মার্চ 'নমো অ্যাপে'র মাধ্যমে অসম এবং পুদুচেরির দলীয় কর্মীদের উদ্দেশে ভাষণ দেবেন ।

৩/ ইসরায়েল, ইরানের গুরুত্বপূর্ণ ইস্পাত, বিদ্যুৎ ও পারমাণবিক কেন্দ্রগুলিতে হামলা চালানোয়, পশ্চিম এশিয়ায় যুদ্ধ পরিস্থিতি আরও তীব্র আকার নিয়েছে। #হরমুজ প্রণালী দিয়ে মানবিক সহায়তার জন্য পণ্য চলাচলকে সহজ ও অবাধ করে তুলতে সম্মত হয়েছে ইরান ।

৪/ নেপালের নবনিযুক্ত প্রধানমন্ত্রী বলেন্দ্র শাহ দায়িত্ব গ্রহণের পর অভিনন্দন জানানোয় প্রধানমন্ত্রী নরেদ্র মোদীকে ধন্যবাদ জানিয়েছেন । #সেদেশের প্রাক্তন প্রধানমন্ত্রী কে পি শর্মা ওলি গ্রেপ্তার।

৫/ জম্মু-কাশ্মীর ও লাদাখের মধ্যে জাতীয় সড়কে জোজিলা পাসে তুষার ধসে মৃত ৭। উদ্ধারের কাজ চলেছে।

৬/ ইন্ডিয়ান প্রিমিয়ার লিগ, আইপিএল ক্রিকেট টুর্নামেন্ট আজ শুরু হচ্ছে। #উদ্বোধনী ম্যাচে রয়্যাল চ্যালেঞ্জার্স ব্যাঙ্গালুরু, সানরাইজার্স হায়দ্রাবাদের মুখোমুখি হবে ।

*********************************************************************

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী নয়ডায় আন্তর্জাতিক বিমানবন্দরকে ভারতের উড়ান ক্ষেত্রের এক নয়া অধ্যায় বলে মন্তব্য করেছেন।

তিনি আজ উত্তরপ্রদেশের জেওয়ারে, নবনির্মিত নয়ডা আন্তর্জাতিক বিমানবন্দরের প্রথম পর্যায়ের উদ্বোধন করে এই ধরণের পরিকাঠামো প্রকল্পকে বিকশিত ভারতের লক্ষ্যে এক গুরুত্বপূর্ণ পদক্ষেপ বলে অভিহিত করেছেন। এই উপলক্ষে আয়োজিত অনুষ্ঠানে প্রধানমন্ত্রী বলেন, পশ্চিম এশিয়ার সামরিক সংকটের ফলে উদ্ভূত পরিস্থিতি মোকাবিলায় ভারত উপযুক্ত ব্যবস্থা গ্রহণ করেছে।

( বাইট- প্রধানমন্ত্রী )

অনুষ্ঠানে উত্তরপ্রদেশের মুখ্যমন্ত্রী যোগী আদিত্যনাথসহ বিশিষ্ট ব্যক্তিবর্গ উপস্থিত ছিলেন। এই কাজের জন্য প্রায় **১১** হাজার ২০০ কোটি টাকা বিনিয়োগ করা হয়েছে।

এই বিমানবন্দর প্রকল্পটি দেশের মধ্যে বৃহত্তম গ্রীনফিল্ড বিমানবন্দর প্রকল্প হিসেবে গড়ে উঠতে চলেছে। দিল্লি জাতীয় রাজধানী অঞ্চলের দ্বিতীয় আন্তর্জাতিক বিমানবন্দর হিসেবে নয়টার এই বিমানবন্দরকে গড়ে তোলা হচ্ছে, যা ইন্দিরা গান্ধী আন্তর্জাতিক বিমানবন্দরের পরিপূরক হয়ে উঠবে।

****************************

প্রধানমন্ত্রী তথা প্রবীণ বিজেপি নেতা নরেন্দ্র মোদী আগামী ৩০ শে মার্চ নমো অ্যাপের মাধ্যমে “মেরা বুথ সবসে মজবুত সংবাদ”-এর আওতায় অসম এবং পুদুচেরির দলীয় কর্মীদের উদ্দেশে ভাষণ দেবেন।
এক সোশ্যাল মিডিয়া পোস্টে শ্রী মোদী জানিয়েছেন, গত এক দশকে অসমের দেখার মতো উন্নয়ন হয়েছে। অন্য আর এক পোস্টে শ্রী মোদী বলেছেন, গত ৫ বছরে ডবল ইঞ্জিন NDA সরকার মানুষের সমস্ত আশা আকাঙ্ক্ষা পূরণ করেছে।

****************************

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী বলেছেন, অর্থনৈতিক ও বাণিজ্যিক ক্ষেত্রে স্থিতিশীলতা বজায় রাখা সরকারের সর্বোচ্চ অগ্রাধিকার। পশ্চিম এশিয়ায় সাম্প্রতিক পরিস্থিতির প্রেক্ষিতে জ্বালানি সরবরাহ অব্যাহত রাখা এবং নাগরিকদের স্বার্থ রক্ষার ওপরেও জোর দেন

তিনি। পরিস্থিতি মোকাবিলায় কেন্দ্র ও রাজ্যের মধ্যে সমন্বয় সাধন এবং অগ্রিম পরিকল্পনা যে জরুরী সেকথাও উল্লেখ করেন প্রধানমন্ত্রী।

পশ্চিম এশিয়ায় সাম্প্রতিক সংঘাতের প্রেক্ষিতে প্রধানমন্ত্রী বিভিন্ন রাজ্য ও কেন্দ্রশাসিত অঞ্চলের মুখ্যমন্ত্রী ও উপ-রাজ্যপালদের সঙ্গে এক ভার্চুয়াল বৈঠকে গতকাল রাজ্যগুলির প্রস্তুতি এবং পরিকল্পনা খতিয়ে দেখেন। ভোটমুখী ৪ রাজ্য– পশ্চিমবঙ্গ, তামিলনাডু, অসম, কেরালা ও কেন্দ্রশাসিত অঞ্চল পুদুচেরীতে আদর্শ আচরণবিধি চালু থাকায় এই রাজ্যগুলি গত সন্ধ্যার ওই বৈঠকে যোগ দেয়নি।

দেশ হিসেবে লড়াই করতে টিম ইন্ডিয়ার ভাবনা আরো জোরদার করার বিষয়ে গুরুত্ব দেওয়া হয় এই বৈঠকে। দেশের যেকোনরকম চ্যালেঞ্জের মোকাবিলায় সুসংহত ও দলবদ্ধভাবে টিম ইন্ডিয়া হিসেবে কাজ করলে যেকোন সমস্যার যে সমাধান করা সম্ভব সেব্যাপারেও শ্রী মোদী প্রত্যয় ব্যক্ত করেন।

***************************

পশ্চিম এশিয়ায় উত্তেজনা অব্যাহত রয়েছে। ইজরায়েল গতরাতে, ইরানের গুরুত্বপূর্ণ ইস্পাত, বিদ্যুৎ এবং পারমাণবিক কেন্দ্রগুলিতে হামলা জোরদার করায় সংঘাত আরও তীব্র আকার ধারণ করেছে। তেহরান এই হামলার তীব্র নিন্দা জানিয়ে বলেছে, এই হামলাগুলি আলাপ আলোচনার মাধ্যমে কূটনৈতিক প্রচেষ্টাকে ব্যর্থ করে দেয়। ইরানের বিদেশমন্ত্রী আব্বাস আরাঘচি সামাজিক মাধ্যমের একটি বার্তায় সতর্ক করে বলেছেন, তেহরানও পাল্টা আঘাত হানতে সক্ষম। এই হামলা মার্কিন যুক্তরাষ্ট্রের সঙ্গে যৌথভাবে চালানো হয়েছে বলে তিনি অভিযোগ করেন।

এদিকে, তাদের বিমান বাহিনী ইরানের দুটি পারমাণবিক কেন্দ্রে আঘাত করেছে বলে ইজরায়েল জানিয়েছে। পৃথক আরেকটি হামলায়, ইয়াজদ প্রদেশের আরদাকানে অবস্থিত একটি তেজস্ক্রিয় 'ইয়েলো-কেক' উৎপাদন কেন্দ্রও আক্রান্ত হয়েছে। ইরান বলেছে, আক্রান্ত ওই কেন্দ্র থেকে কোনও তেজস্ক্রিয় পদার্থ নির্গত হয়নি। আন্তর্জাতিক পারমাণবিক শক্তি সংস্থা-IAEA কোনো ধরনের পারমাণবিক দুর্ঘটনার ঝুঁকি এড়াতে উভয় পক্ষকেই সামরিক আগ্রাসন বন্ধের আহ্বান জানিয়েছে। অন্যদিকে, বিভিন্ন সংবাদমাধ্যমের প্রতিবেদন অনুযায়ী, গতকাল ইরানের চালানো একটি

ক্ষেপণাস্ত্র হামলায় সৌদি আরবের 'প্রিন্স সুলতান বিমান ঘাঁটিতে' অন্তত ১০ জন মার্কিন সেনা আহত হয়েছেন এবং যুক্তরাষ্ট্রের বেশ কয়েকটি জ্বালানি সরবরাহকারী বিমান ক্ষতিগ্রস্ত হয়েছে।

**************************

ইয়েমেনের হুথি বিদ্রোহীরা আজ খুব ভোরে ইজরায়েল লক্ষ্য করে ক্ষেপণাস্ত্র ছুঁড়েছে। ইরান ও হেজবোল্লাহ গোষ্ঠী গতরাতে প্রবল গোলাবর্ষণের ফলে ইজরায়েলের বিরসেবা এলাকায় একটি পরমাণু গবেষণা কেন্দ্রের কাছে এই ক্ষেপণাস্ত্র ছোঁড়ে। হুথি জঙ্গিদের পক্ষ থেকে জানানো হয়েছে তারা এই যুদ্ধে ইরানকে সমর্থন করছে।

**************************

ইরান হরমুজ প্রণালী দিয়ে মানবিক সহায়তার জন্য পণ্য চলাচলকে সহজতর ও ত্বরান্বিত করতে সম্মত হয়েছে। জেনেভায় অবস্থিত রাষ্ট্রসংঘে ইরানের রাষ্ট্রদূত আলী বাহরানি জানিয়েছেন, রাষ্ট্রসংঘের অনুরোধে মানবিক সহায়তা ও কৃষিপণ্যবাহী জাহাজগুলো এই গুরুত্বপূর্ণ জলপথ দিয়ে চলাচল করতে পারবে। যুদ্ধের এক মাস অতিবাহিত হওয়ার পর, এই গুরুত্বপূর্ণ জলপথে পণ্য পরিবহনের ক্ষেত্রে এই সহায়তা পরিকল্পনাটি এক উল্লেখযোগ্য অগ্রগতি। এই পদক্ষেপটি মানবিক সহায়তা কার্যক্রমে সমর্থন জোগানো এবং দুঃস্থ মানুষের কাছে জরুরি সাহায্য যাতে কোনো সমস্যা ছাড়াই পৌঁছাতে পারে, তা নিশ্চিত করা ইরানের অঙ্গীকারকেই প্রতিফলিত করে বলে সামাজিক মাধ্যমের এক বার্তায় ইরানের রাষ্ট্রদূত বাহরানি উল্লেখ করেছেন।

**************************

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি, আগামীকাল আকাশবাণীতে “মন কি বাত” অনুষ্ঠানে দেশ বিদেশের মানুষের সঙ্গে তাঁর চিন্তা ভাবনা ভাগ করে নেবেন। এটি হবে মাসিক এই বেতার অনুষ্ঠানের ১৩২-তম পর্ব।

আকাশবাণী ও দূরদর্শনের সবকটি চ্যানেলে সকাল ১১ টা থেকে এই অনুষ্ঠান শোনা যাবে।

আকাশবাণীর সংবাদ ওয়েবসাইট newsonair মোবাইল app, আকাশবাণী ও দূরদর্শনের সংবাদ বিভাগ, প্রধানমন্ত্রীর e-দপ্তর ও তথ্য ও সম্প্রচার মন্ত্রকের youtube channel- এও অনুষ্ঠানটি শোনা যাবে। হিন্দিতে মূল অনুষ্ঠানটির পর সম্প্রচারিত হবে, এর আঞ্চলিক ভাষার তর্জমা।

***************************

নেপালের নবনিযুক্ত প্রধানমন্ত্রী বলেন্দ্র শাহ দায়িত্ব গ্রহণের পর অভিনন্দন জানানোর জন্য প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীকে ধন্যবাদ জানিয়েছেন। এক বার্তায়, দুই দেশের বহুস্তরীয় সম্পর্ক আরো জোরদার হবে বলে তিনি আশা প্রকাশ করেছেন। তিনি বলেছেন, নেপাল ভারতের সঙ্গে আরো ঘনিষ্ট ভাবে কাজ করতে আগ্রহী।

উল্লেখ্য, প্রধানমন্ত্রী পদে দায়িত্ব গ্রহণের পর রাষ্ট্রীয় স্বতন্ত্র পার্টির নেতা বলেন্দ্র শাহকে অভিনিন্দন জানিয়েছিলেন। এক বার্তায় শ্রী মোদী বলেছেন, ভারত ও নেপালের মধ্যে মৈত্রীর সম্পর্ককে আরও উচ্চ পর্যায়ে নিয়ে যাওয়ার জন্য তিনি আগ্রহী।

***************************

গতবছর নেপালে জেন জি বিক্ষোভে, হিংসা কমাতে ব্যর্থ হওয়ায়, নেপালের প্রাক্তন প্রধানমন্ত্রী কে পি শর্মা ওলিকে আজ সকালে গ্রেফতার করা হয়েছে। বলেন্দ্র শাহ নেপালের প্রধানমন্ত্রী হিসেবে শপথ নেওয়ার একদিন পরই এই গ্রেফতার। তাঁকে, তাঁর বাসস্থান থেকেই গ্রেফতার করা হয়েছে বলে ভক্তপুর জেলার SP সূর্য বাহাদুর খাড়কা জানিয়েছেন। তাঁর সঙ্গে প্রাক্তন স্বরাষ্ট্রমন্ত্রী রমেশ লেখককেও গ্রেফতার করা হয়েছে।

***************************

বিশ্ব বাণিজ্যে অচলাবস্থা কাটাতে আস্থা ফেরানোই এখন প্রধান চ্যালেঞ্জ, এমনই বার্তা দিয়েছেন কেন্দ্রীয় বাণিজ্য ও শিল্পমন্ত্রী পীযূষ গোয়েল। ক্যামেরুনে বিশ্ব বাণিজ্য সংস্থার ১৪তম মন্ত্রী পর্যায়ের সম্মেলনে বক্তব্য রাখতে গিয়ে তিনি বলেন, ঐক্যমত-ভিত্তিক সিদ্ধান্ত গ্রহণই এই সংস্থার ভিত্তি, আর তা পুনরুজ্জীবিত করতে আস্থা পুনর্গঠন জরুরি। সামাজিক মাধ্যমে দেওয়া এক বার্তায় শ্রী গোয়েল জানান, একটি কার্যকর বহুপাক্ষিক বাণিজ্য ব্যবস্থা গড়ে তুলতে হলে তার কাঠামোকে হতে হবে সুসংহত ও

স্থিতিস্থাপক। একই সঙ্গে তা সদস্য দেশগুলোর অভিন্ন স্বার্থের সঙ্গে সামঞ্জস্যপূর্ণ হওয়াও প্রয়োজন। বর্তমান অচলাবস্থার পর্যালোচনার ওপর জোর দিয়ে বলেন আলোচনা প্রক্রিয়া যাতে স্বচ্ছ, অন্তর্ভুক্তিমূলক ও সদস্য-নির্ভর থাকা জরুরি।

সম্মেলনের ফাঁকে একাধিক দ্বিপাক্ষিক বৈঠকও করেন কেন্দ্রীয় মন্ত্রী পীযূষ গোয়েল । মার্কিন বাণিজ্য প্রতিনিধি জেমিসন গ্রিয়ার-এর সঙ্গে বৈঠকে ভারত-মার্কিন বাণিজ্য চুক্তি নিয়ে পরবর্তী পদক্ষেপ ও অর্থনৈতিক সহযোগিতা বাড়ানোর উপায় নিয়ে আলোচনা হয়।

***************************

জম্মু ও কাশ্মীর এবং লাদাখকে সংযোগকারী জাতীয় মহাসড়কের জোজিলা পাসে তুষারধসে অন্তত সাতজনের মৃত্যু হয়েছে। আহত হয়েছেন আরও অনেকে। যান চলাচলের সময় হঠাৎ বিপুল পরিমাণ তুষারধস নেমে এসে একাধিক গাড়িকে চাপা দেয় বলে জানা গিয়েছে। ঘটনার পরপরই শুরু হয় উদ্ধার অভিযান। তুষারের স্তূপ সরিয়ে আটকে পড়া যাত্রীদের উদ্ধারের কাজ দ্রুতগতিতে চালানো হচ্ছে।

এক সোশ্যাল মিডিয়া পোস্টে কেন্দ্রীয় মন্ত্রী জিতেন্দ্র সিং এই ঘটনায় সাতজনের মৃত্যুর খবর নিশ্চিত করেছেন। তিনি শোকপ্রকাশ করে জানান, আহতদের সমস্ত রকম প্রয়োজনীয় চিকিৎসা ও সহায়তা দেওয়া হচ্ছে।

***************************

ওড়িশার নয়াগড় জেলায় হনুমান ঘাটিতে গত রাতে এক মর্মান্তিক পথ দুর্ঘটনায় অন্তত পাঁচজনের মৃত্যু হয়েছে, যাদের মধ্যে চারজন মহিলা। আহত হয়েছেন ৪০ জনেরও বেশি যাত্রী। জানা গেছে, বেরহামপুর থেকে হরিশঙ্করগামী প্রায় ৬০ জন যাত্রী নিয়ে একটি বেসরকারি টুরিস্ট বাস নিয়ন্ত্রণ হারিয়ে রাস্তার ধারে একটি পাথরে ধাক্কা মেরে উল্টে যায়। খবর পেয়ে দ্রুত ঘটনাস্থলে পৌঁছয় পুলিশ, দমকল বাহিনী। আটকে পড়া যাত্রীদের উদ্ধার করতে গ্যাস কাটার ব্যবহার করা হয়। আহতদের দ্রুত হাসপাতালে নিয়ে যাওয়া হয়। ঘটনার তদন্ত করছে পুলিশ।

***************************

জলবায়ু পরিবর্তন বিষয়ে সচেতনতা গড়ে তোলার বিষয়ে আজ রাত্রি সাড়ে ৮টা থেকে সাড়ে ৯টা পর্যন্ত 'আর্থ আওয়ার' বা 'পৃথিবীর জন্য ১ ঘন্টা' কর্মসূচি পালন করা হবে। এই উপলক্ষ্যে সারা বিশ্ব জুড়ে ১ ঘন্টা  আলো নিভিয়ে সচেতনতার বার্তা দেওয়া হবে। ভারতের সর্বত্রই এই কর্মসূচি পালন করা হবে।

***************************

উনবিংশতম ইন্ডিয়ান প্রিমিয়ার লিগ , আইপিএল ক্রিকেট টুর্নামেন্ট আজ শুরু হচ্ছে। ব্যাঙ্গালুরুর এম চিন্নাস্বামী স্টেডিয়ামে আজ উদ্বোধনী ম্যাচে নতুন অধিনায়ক রজত পাটিদারের নেতৃত্বে গতবারের চ্যাম্পিয়ন রয়াল চ্যালেঞ্জার্স ব্যাঙ্গালুরু , সানরাইজার্স হায়দ্রাবাদের বিরুদ্ধে খেলবে। অস্ট্রেলিয়ান পেসার প্যাট কামিন্স চোটের কারণে ছিটকে যাওয়ায় ভারপ্রাপ্ত অধিনায়ক ইশান কিষাণ সানরাইজার্স হায়দ্রাবাদের নেতৃত্ব দেবেন। খেলা শুরু হবে সন্ধ্যা সাড়ে সাতটায়। দুই মাসব্যাপী এই টুর্নামেন্টটি ৩১শে মে পর্যন্ত চলবে।

এদিকে এবার আইপিএলের উদ্বোধনী অনুষ্ঠান হচ্ছে না। গতবার রয়াল চ্যালেঞ্জার্স ব্যাঙ্গালুরুর আইপিএল জয়ের উদযাপন অনুষ্ঠান চলাকালীন ১১ জনের মৃত্যুর ঘটনায়, তাঁদের প্রতি শ্রদ্ধা জানাতে এবার কোনো উদ্বোধনী অনুষ্ঠান হচ্ছে না বলে বিসিসিআই জানিয়েছে।  তাঁদের স্মরণে এই মরসুমে স্টেডিয়ামের ১১টি আসন স্থায়ীভাবে খালি থাকবে বলেও জানিয়েছে আরসিবি।

***************************

বাংলাদেশ আইপিএল ক্রিকেট সম্প্রচার করবে। সেদেশের তথ্য সম্প্রচারমন্ত্রী জাহিরুদ্দিন স্বপন বলেছেন, এই ক্রিকেট প্রতিযোগিতা  সম্প্রচারে কোনো বাধা নেই। তিনি সংবাদ সংস্থাকে বলেছে সরকার খেলার সঙ্গে রাজনীতিকে জড়িয়ে ফেলতে চায় না এবং বাণিজ্যিক ভিত্তিতেই এই প্রতিযোগিতার সম্প্রচার করা যেতে পারে ।

***************************************************************************